দৈনিক ইনকিলাব

তারিখ MAY 1 1999
পৃষ্ঠা ৮২ কলাম ৩

78

ঢাঃবিঃ'র ছাত্রের কৃতিত্ব

## কম্পিউটারে মুছে যাওয়া ডাটা পুনরুদ্ধারে সফটওয়্যার আবিষ্কার

ইউএনবি ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্র ডাটা পুনরুদ্ধার সফটওয়্যার আবিষ্কার করেছেন যা সিআইএইচ ভাইরাসে আক্রান্ত কম্পিউটারে মুছে যাওয়া ডাটাগুলো পুনরুদ্ধার করতে সক্ষম হবে।

বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের বিএসসি'র ছাত্র মনিরুল ইসলাম শরীফ এই সফটওয়্যার উদ্ভাবন করেন। এর নামকরণ করা হয়েছে 'এম রিকভারি'।